

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়  
ময়মনসিংহ গণপূর্ত সার্কেল  
ময়মনসিংহ  
ফোন : ০৯১-৬৭১৭০, ফ্যাক্স : ০৯১-৬১০৭৫  
www.circle-pwd-mymensingh.gov.bd



"মুজিব বর্ষের অঙ্গিকার  
গণপূর্ত টেকসই উন্নয়নের রূপকার"

স্মারক নং-এমসি/ ৪৯১

তারিখ : ২৯/০৭/২০২১

বিষয় : ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব প্রতিরোধকল্পে এডিস মশার বিস্তার রোধে গৃহীত কার্যক্রম অবহিতকরণ প্রসঙ্গে।

- সূত্র : (১) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার স্মারক নং-২৫.৩৬.০০০০.২১৫.২২.১০৭.২০-৭৫৩ তারিখ-৩০/০৫/২০২১ খ্রিঃ  
(২) নির্বাহী প্রকৌশলী, ময়মনসিংহ গণপূর্ত বিভাগ, ময়মনসিংহ এর স্মারক নং-৭২ তারিখ-২৯/০৭/২০২১ খ্রিঃ  
(৩) নির্বাহী প্রকৌশলী, কিশোরগঞ্জ গণপূর্ত বিভাগ, কিশোরগঞ্জ এর স্মারক নং-১৯৪৭ তারিখ-২৯/০৭/২০২১ খ্রিঃ  
(৪) নির্বাহী প্রকৌশলী, নেত্রকোণা গণপূর্ত বিভাগ, নেত্রকোণা এর স্মারক নং-৭৫ তারিখ-২৯/০৭/২০২১ খ্রিঃ

সম্মানের সহিত জানানো যাচ্ছে যে, উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকসমূহের আলোকে অত্র সার্কেলের আওতাধীন ময়মনসিংহ, কিশোরগঞ্জ ও নেত্রকোণা গণপূর্ত বিভাগ হতে প্রাপ্ত ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব প্রতিরোধকল্পে এডিস মশার বিস্তার রোধে গৃহীত কার্যক্রম অত্র দপ্তরে প্রেরণ করেছেন।

এমতাবস্থায় অত্র দপ্তর থেকে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব প্রতিরোধকল্পে এডিস মশার বিস্তার রোধে গৃহীত কার্যক্রম "ছক" মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে তাঁর বরাবর প্রেরণ করা হলো।

সংযুক্তি : পূরণকৃত ছক ০১ (এক) পাতা।

২৯.৭.২০২১  
(এ. কে. এম. কামরুজ্জামান)  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
ময়মনসিংহ গণপূর্ত সার্কেল  
ময়মনসিংহ  
e-mail : se\_mymen@pwd.gov.bd


অতিরিক্ত প্রধান প্রকৌশলী  
ময়মনসিংহ গণপূর্ত জোন  
ময়মনসিংহ।

বিতরণ :

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ময়মনসিংহ/ কিশোরগঞ্জ/ নেত্রকোণা;
- ২। অফিস কপি।

ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব প্রতিরোধকল্পে এডিস মশার বিস্তার রোধে ময়মনসিংহ গণপূর্ত সার্কেলাধীন  
বিভাগগুলো কর্তৃক গৃহীত ব্যবস্থা (২৮/০৭/২০২১ তারিখ পর্যন্ত) নিম্নরূপ :

ক্রমিক নং	গণপূর্ত বিভাগের নাম	গৃহীত ব্যবস্থা	মন্তব্য
০১.	ময়মনসিংহ	১) ময়মনসিংহ গণপূর্ত বিভাগের আওতাধীন সকল সরকারী অফিস আদালত ও আবাসিক ভবন এলাকার সকল স্থাপনা ও এর আশেপাশের আঙ্গিনা নিয়মিতভাবে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা হয়েছে; ২) ময়মনসিংহ গণপূর্ত বিভাগের সকল বাসা বাড়ির আঙ্গিনা ঝোপ-ঝাড় ও আগাছা ইতোমধ্যে পরিষ্কার রাখার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং এর আশে পাশে সমস্ত রাস্তা ও রাস্তার পার্শ্বে ড্রেন সবসময় পরিষ্কার পরিচ্ছন্ন রাখা হয়েছে; ৩) জমানো পানির সকল উৎস অপসারণ সহ নিয়মিতভাবে নির্দেশক্রমে জীবানুনাশক ছিটানো হয়েছে এবং ইহা চলমান রয়েছে।	বিভাগীয় অফিসের তথ্য অনুযায়ী
০২.	কিশোরগঞ্জ	কিশোরগঞ্জ গণপূর্ত বিভাগ এবং এর আওতাধীন উপ-বিভাগ সমূহের আওতায় সকল সরকারী অফিস আদালত, আবাসিক ভবন এলাকার সকল স্থাপনা, বাসা বাড়ীর আঙ্গিনা, ঝোপ-ঝাড়, সকল উন্নয়নমূলক কাজের নির্মাণাধীন ভবন এলাকার ঝোপ-ঝাড় আগাছা মুক্ত করা হয়েছে। জমানো পানির সকল উৎস যথাসম্ভব অপসারণপূর্বক জীবানুনাশক ছিটানোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ফগার মেশিন দ্বারা মশক নিধনের জীবানুনাশক প্রয়োগ করা হয়েছে এবং ভবিষ্যতেও উক্ত কার্যক্রম চলমান থাকবে।	
০৩.	নেত্রকোণা	নেত্রকোণা গণপূর্ত বিভাগের আওতাধীন সকল সরকারী অফিস আদালত ও আবাসিক ভবন এলাকার সকল স্থাপনা ও এর আশেপাশের আঙ্গিনা, ঝোপ-ঝাড়, ড্রেন নিয়মিতভাবে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা হচ্ছে এবং জমানো পানির সকল উৎস অপসারণ পূর্বক নিয়মিতভাবে জীবানুনাশক ছিটানো হয়েছে এবং উক্ত কার্যক্রম চলমান থাকবে।	

  
 ২৯.৭.২০২১  
 (এ. কে. এম. কামরুজ্জামান)  
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
 ময়মনসিংহ গণপূর্ত সার্কেল  
 ময়মনসিংহ  
 e-mail : se\_mymen@pwd.gov.bd